

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,  
খুমলুঙে, পশ্চিম ত্রিপুরা

খুমলুঙে আগামী ৩০ নভেম্বর ত্রিপুরা  
ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ

এডিসিস-১৫৪  
খুমলুঙে, ০৬।১১।২০২১ইং

আজ খুমলুঙে প্রধান প্রশাসনিক নতুন ভবনের মিলনায়তনে এডিসির উদ্যোগে ত্রিপুরা ফুটবল টুর্নামেন্টের ২০২১-২২ বিষয়ে এক উচ্চ পর্যায়ের সভা হয়। সভায় সভাপতিত্ব করেন উপ-মুখনির্বাহী সদস্য অনিমেষ দেববর্মা। এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পূর্ব দপ্তরের নির্বাহী সদস্য চিত্তরঞ্জন দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই, ক্রীড়া ও যুব কর্মসূচী দপ্তরের নির্বাহী সদস্য সোহেল দেববর্মা। এছাড়া উপস্থিত ছিলেন এমডিসি অনন্ত দেববর্মা, এমডিসি গনেশ দেববর্মা, এমডিসি উমাশঙ্কর দেববর্মা, সি.আর.পি.এফের ৭১ নং ব্যাটালিয়নের কমান্ডেন্ট রামপ্যাণ্ট, এডিসির অতিরিক্ত মুখনির্বাহী আধিকারিক উষারঞ্জন দেববর্মা প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন মুখনির্বাহী আধিকারিক সি.কে. জমতিয়া।

সভায় আগামী ৩০ নভেম্বর ফাইনাল ম্যাচ খুমলুঙে করার সিদ্ধান্ত হয়। এছাড়া আগামী ২২ ও ২৪ নভেম্বর কোয়ার্টার ফাইনাল এবং ২৬ ও ২৭ নভেম্বর সেমিফাইনাল ম্যাচ করার জন্য সিদ্ধান্ত হয়। উল্লেখ্য এই খেলার প্রথম পর্যায়ের খেলা শেষ হয়েছে। জেন্যাল ভিত্তিক যে দল চ্যাম্পিয়ান হয়েছে সেই দলগুলো এই খেলায় অংশ গ্রহণ করার কথা রয়েছে। এদিকে এই খেলাগুলো সর্বস্বীন সুন্দর করে তোলার জন্য একটি উচ্চ পর্যায়ের উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান হয়েছেন ক্রীড়া ও যুব কর্মসূচী দপ্তরের নির্বাহী সদস্য সোহেল দেববর্মা। এছাড়া মুখনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমতিয়াসহ অন্যান্য নির্বাহী সদস্যরা এই কমিটিতে রয়েছেন। এছাড়াও মুখনির্বাহী আধিকারিক সি.কে. জমতিয়া, সি.আর.পি.এফের ৭১ নং ব্যাটালিয়নের কমান্ডেন্ট রামপ্যাণ্ট রয়েছেন। তাছাড়া বিভিন্ন সাব কমিটি রয়েছে।